মেহেরপুরে নাশকতার অভিযোগে ২ জামায়াত নেতা আটক

নাশকতা মামলায় মেহেরপুরে জামায়াত ইসলামের পৌর শাখার দুই নেতাকে গ্রেফতার করেছে পুলিশ।

বুধবার (২২ নভেম্বর) ভোরে মেহেরপুর সদর উপজেলার কোলা গ্রামের কড়াইতলা নামক স্থানে জামায়েত ইসলামের ঝটিকা মিছিল করে ফেরার পথে শহরের কোর্ট মোড় থেকে তাদের গ্রেফতার করে মেহেরপুর সদর থানা পুলিশ।

গ্রেফতারকৃতরা হলেন, মেহেরপুর শহরের পুরাতন বাসস্ট্যান্ড পাড়ার মির্জা আজমের ছেলে ও পৌর জামায়াতের সাধারণ সম্পাদক মনিরুজ্জামান
(৫০) ও মুজিবনগর উপজেলার শিবপুর গ্রামের বড় মসজিদ পাড়ার ইসলাম শেখের ছেলে জাহাঙ্গীর হোসেন (৩২)।

জেলা পুলিশের একটি সূত্র জানিয়েছে আটককৃতদের বিরুদ্ধে নাশকতার অভিযোগে মামলা রয়েছে। আদালতে সোপর্দ করার মাধ্যমে তাদের জেলা কারাগারে পাঠানো হয়েছে।

গাংনী মহিলা ডিগ্রী কলেজে বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা অনুষ্ঠিত

গাংনী মহিলা ডিগ্রী কলেজে ২০২৩ সালের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়েছে। আজ বুধবার (২২ নভেম্বর) সকাল ১০ টায় মহিলা ডিগ্রী কলেজ মাঠে জাতীয় সংগীতের মাধ্যমে পতাকা উত্তোলন ও বর্ণাঢ্য র্যালির মধ্য দিয়ে ক্রীড়া প্রতিযোগিতার সুচনা করা হয়।

প্রতিযোগিতার বিভিন্ন ইভেন্টের মধ্যে ছিল ব্যাডমিন্টন, চকলেট

দৌড়, বর্শা নিক্ষেপ, সুই সুতা পড়ানো, লৌহ গোলক নিক্ষেপ, চাকতি নিক্ষেপ, মার্বেল দৌড় এবং কলেজের শিক্ষক-শিক্ষিকাদের জন্য হাড়িভাঙ্গা ও পিলো পাসিং।

উদ্বোধনী অনুষ্ঠানে গাংনী মহিলার ডিগ্রী কলেজের অধ্যক্ষ খোরশেদ আলীর সভাপতিত্বে ও সহকারি অধ্যাপক মনোয়ার হোসেনের সঞ্চালনায়, প্রধান অতিথি হিসেবে ভার্চুয়ালি উপস্থিত ছিলেন কলেজের গভর্নিং বডির সভাপতি এম এ এস ইমন।

ক্রিড়া প্রতিযোগিতার পুরস্কার বিতরণী ২৬ নভেম্বর রবিবারে অনুষ্ঠিত হবে বলে জানিয়েছে কলেজ কর্তৃপক্ষ।

অধ্যক্ষের যোগসাজশে বিধি লঙ্ঘনকারী দুই শিক্ষক স্বপদে বহাল

সরকারি নীতিমালা অমান্য করে দুই শিক্ষক চাকরি করে যাচ্ছেন মানিক ডিএস আমিনিয়া আলিম মাদ্রাসায়। একজন হচ্ছেন জেলা জামায়াতের আমির ও মাদ্রাসার মৌলভী শিক্ষক তাজউদ্দিন খান, যিনি শিক্ষকতার পাশাপাশি মেহেরপুর জেলা জামায়াতের দায়িত্ব পালন করছে। অপরজন লাইব্রেরিয়ান খালিদ হাসান, জাল সনদে চাকরি করছেন। জাল সনদ ধরা পড়ার পরেও এক বছর বহাল তবিয়তে চাকরি করেছেন, বর্তমানে বিদেশে থেকেও চাকরি করছেন। মাদ্রাসা কর্তৃপক্ষ বলছে মানবিক দৃষ্টিকোণ থেকে তাদের বিরুদ্ধে কোন ব্যবস্থা নেয়া হয়নি।

মৌলবি শিক্ষক তাজউদ্দিন খানের বিরুদ্ধে বিস্ফোরক দ্রব্য আইনে একাধিক মামলা সহ মোট নয়টি মামলা চলমান। প্রতি মাসে শ্রেণিকক্ষে অনুপস্থিত থেকে কোর্টে হাজিরা দিন ১৫ থেকে ১৬ দিন। গত বছরের ৭ এপ্রিল থেকে ২৩ মে পর্যন্ত কারাগারে হাজত বাসের কারণে ওই দুই মাস অনুপস্থিত থাকলেও তাকে বরখাস্ত করা হয়নি, এমনকি বেতনও কাটা হয়নি।

এদিকে, জাল সনদ দিয়ে চাকরি বিষয়টি প্রমাণিত হলে বেতন না পেলেও

মাঝে মাঝে মাদ্রাসায় যেতেন খালিদ হাসান। পরে চলে যান বিদেশে। তবুও মাদ্রাসা কর্তৃপক্ষ তাকে চাকরিচ্যুত করতে পারেননি। অভিযোগ রয়েছে মোটা অঙেÍর অর্থের বিনিয়ময়ে তিনি ওই চাকরিটি পেয়েছিলেন, তাই মাদ্রাসার অধ্যক্ষ তাকে চাকরিচ্যুৎ করতে পারেননি। জাল সনদে চাকরি পাওয়া খালিদ হাসান মেহেরপুরের মুজিবনগর উপজেলার মানিকনগর ডিএস আমিনিয়া আলিম মাদ্রাসার লাইব্রেরীয়ান পদে যোগদান করেছিলেন ২০২০ সালের ৩১ ডিসেম্বর। খালিদ হাসান মুজিবনগর উপজেলার পুরন্দরপুর গ্রামের আবু তালেবের ছেলে।

মাদ্রাসা সূত্রে জানা গেছে, ২০২০ সালের ৩০ ডিসেম্বর মাদ্রাসায় লাইব্রেরিয়া পদে নিয়োগ পেয়ে পরদিন তিনি মাদ্রাসায় যোগদান করেন। যোগদানের পর বেতনের জন্য মাদ্রাসা বোর্ডের মহাপরিচালকের কাছে আবেদন করেছিলে। সেখানে তার সনদ যাচাই ব্ছাাই করে তারা জাল বলে সনাক্ত করেন। এর পর থেকে তিনি মাঝে মাঝে মাদ্রাসায় যেতেন। মাস দুয়েক আগে তিনি মালয়েশিয়ায় গিয়েছেন বলে জানা গেছে।
দিনের পর দিন অনুপস্থিত থাকলেও মাদ্রাসা কর্তৃপক্ষ তাকে চাকরিচুৎ করেনি এমনকি তাকে বরখাস্তও করেননি।

নাম প্রকাশ না করা শর্তে এলাকাবাসী ও মাদ্রাসা শিক্ষকদের কয়েকজন জানান অধ্যক্ষ ও পূর্বের ম্যানেজিং কমিটির যোগসাজশে মোটা অংকের অর্থের বিনিময়ে খালিদ হাসানের নিয়োগ হওয়াতে বর্তমান কমিটি তাকে চাকরিচুৎ করছে না।

মানিকনগর ডিএস আমিনিয়া আলিম মাদ্রাসার অধ্যক্ষ আসাদুল্লাহ আল গালিব বলেন, পূর্বের কমিটি তাকে নিয়োগ দেওয়ায় বর্তমান কমিটি তার নিয়োগ বাতিল করার ঝামেলা নিচ্ছে না। অধ্যক্ষ বলেন, বিষয়টি তারা মানবিকভাবে দেখছেন। ইতিপূর্বে কারাগারে আটক থাকার কারণে তাকে দুইবার সাময়িত বরখাস্ত করা হয়েছিল। গত বছর তিনি দুই মাস আটক থাকলেও সে সময় তাকে বরখাস্ত করা হয়নি বলে স্বীকার করেননি। কেন করা হয়নি প্রশ্নের উত্তরে তিনি চুপ ছিলেন।

মাদ্রাসার ম্যানেজিং কমিটির সভাপতি রফিকুল ইসলাম তোতা বলেন, ‘মোটা অংকের টাকার লেনদেনে খালিদ হাসানের নিয়োগের কথাটি আমি শুনেছি। তবে ঘটনাটি আগের কমিটির সময়ে ঘটাতে বিষয়টি সম্পর্কে আমি সম্পূর্ণ ওয়াকিবহল নয়। বর্তমানে খালিদ হাসান দেশে নেই, তার চাকরি বহাল আছে কিনা সেটা আমার সঠিক জানা নেই। মাদ্রাসার অধ্যক্ষ ও কমিটির অন্যান্য সদস্যদের সাথে কথা বলে ব্যবস্থা নেয়ার বিষয়টি আমি জানাবো। ‘

মৌলভী তাজউদ্দিন খানের ব্যাপারে রফিকুল ইসলাম তোতা বলেন, ‘তার বিরুদ্ধে ব্যবস্থা নেয়ার প্রক্রিয়া শুরু হয়েছে। তাকে সাসপেন্ড করা হবে। তবে গত বছর যখন তিনি আটক হয়েছিলেন তখন তাকে সাসপেন্ড করা হয়নি। আমি ম্যানেজিং কমিটির প্রধান হিসেবে দায়িত্ব নিয়েছি মাত্র কয়েকদিন আগে, এখনো এক বছর পূর্ণ হয়নি।

এ ব্যাপারে মন্তব্য জানতে জেলা শিক্ষা অফিসার আব্বাস উদ্দিনকে ফোনে পাওয়া যায়নি।

মেহেরপুরের আমঝুপিতে ওয়াচ গ্রুপের ত্রৈ-মাসিক সভা অনুষ্ঠিত

‘ ‘সবারজন্য মানসম্মত শিক্ষা ও শিক্ষায় বৈষম্য দূর করতে সামাজিক প্লাটফরম কমিউনিটি এডুকেশন ওয়াচ কার্যক্রমের ত্রৈমাসিক সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ বুধবার সকাল ১০ টার দিকে মউকের হলরুমে গনসাক্ষরতা অভিযানের সহায়তায় ও মউকের আয়োজিত কমিউনিটি এডুকেশন ওয়াচ গ্রুপের ত্রৈমাসিক সভা অনুষ্ঠিত হয়।

মেহেরপুর জেলা আওয়ামীলীগ দপ্তর সম্পাদক বীর মুক্তিযোদ্ধা গোলাম কিবরিয়ার সভাপতিত্বে ওয়াচ গ্রুপের বর্তমান ও আগামী পরিকল্পনা নিয়ে স্বাগত বক্তব্য দেন মউকের নির্বাহী প্রধান আসাদুজ্জামান সেলিম।

এ ছাড়াও বক্তব্য রাখেন আমঝুপি ইউনিয়ন ওয়াচ গ্রুপের সহ-সভাপতি মেহেরপুর পৌর কাউন্সিলর আব্দুর রহিম, ওয়াচ সদস্য আক্তার হোসেন, সমাজসেবক আব্দুর রকিব ও মীর ফারুক হোসেন।

এসময় সভায় সকল শিশুকে বিদ্যালয়ে ভর্তি, শিক্ষায় বৈষম্য দূর সহ প্রান্তিক জনগোষ্ঠির শিশুদের বিষয়ে জোর দেওয়া হয়।

অনুষ্ঠানটি পরিচালনা করেন মউক এর প্রোগ্রাম ম্যানেজার কাজল রেখা।

মেহেরপুরের দুটি আসনে লড়ছেন ২৯ জন

আওয়ামী লীগের দলীয় মনোনয়ন ফরম বিক্রির প্রথম দুদিনে মেহেরপুরের দুটি আসনে নৌকার মাঝি হতে ২৯ জন মনোনয়ন ফরম সংগ্রহ করেছেন।

মেহেরপুর-১ (সদর ও মুজিবনগর) আসনে ফরম সংগ্রহ করেছেন ১৪ জন ও মেহেরপুর-২ (গাংনী) আসনে ফরম সংগ্রহ করেছেন ১৫ জন। এ নিয়ে দুদিনে দুটি আসনে ২৯ জন প্রার্থী মনোনয়ন ফরম সংগ্রহ করেছেন।

মেহেরপুর-১ আসনে মনোনয়ন ফরম সংগ্রহ করেছেন তাঁরা হলেন- জেলা আওয়ামী লীগের সভাপতি ও জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন এমপি, সাবেক এমপি জয়নাল আবেদীন, সাবেক এমপি প্রফেসর আব্দুল মান্নান, জেলা আওয়ামী লীগের সহসভাপতি অ্যাড. মিয়াজান আলী, জিয়া উদ্দিন বিশ^◌াস, আব্দুল মান্নান (ছোট), অ্যাড. ইয়ারুল ইসলাম, শিক্ষা ও মানব সম্পদ বিষয়ক সম্পাদক এম এ এস ইমন, জেলা পরিষদের সাবেক চেয়ারম্যান গোলাম রসুল, স্বাধীনতা ঘোষক এম এ হান্নানের ছেলে সৈয়দ মাহফুজ হান্নান, মেহেরপুর পৌর মেয়র মাহফুজুর রহমান রিটন, জেলা যুবলীগের যুগ্ম আহবায়ক শহিদুল ইসলাম পেরেশান, মুজিবনগর উপজেলা যুবলীগের সভাপতি কামরুল হাসান চাদু, সাবেক এমপি জয়নাল আবেদীনের ছেলে তানভির আহমেদ, সাবেক ছাত্রলীগ নেতা অ্যাড. আমজাদ হোসেন।

মেহেরপুর-২ আসনে আওয়মী লীগের দলীয় মনোনয়ন ফরম সংগ্রহ করেছেন বর্তমান সংসদ সদস্য ও গাংনী উপজেলা আওয়ামী লীগের সভাপতি সাহিদুজ্জামান খোকন, সাবেক সংসদ সদস্য মকবুল হোসেন, জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এম এ খালেক, যুগ্ম সাধারণ সম্পাদক অ্যাড. শফিকুল আলম, সাংগঠনিক সম্পাদক আশরাফুল আলম স্বপন, মহিলা বিষয়ক সম্পাদক নুরজাহান বেগম, স্বাস্থ্য বিষয়ক সম্পাদক ডা. নাজমুল হক সাগর, উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক মোখলেসুর

রহমান মকুল, সাবেক ছাত্র নেতা রিয়াজ উদ্দিন, গাংনী উপজেলা ভাইস চেয়ারম্যান রাশিদুল হক জুয়েল, সাবেক অতিরিক্ত সচিব আশরাফুল আলম, জেলা কৃষক লীগের সাধারণ সম্পাদক ওয়াসিম সাজ্জাদ লিখন, কাথুলী ইউপি চেয়ারম্যান মিজানুর রহমান রানা, রাইপুর ইউপি চেয়ারম্যান মোঃ গোলাম সাকলায়েন ।

প্রসঙ্গত, আগামী ৭ জানুয়ারি দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন অনুষ্ঠিত হবে। নির্বাচনে আওয়ামী লীগের পক্ষ থেকে মনোনয়ন পত্র বিক্রয় করা হয় গত শনিবার থেকে গতকাল মঙ্গলবার পর্যন্ত। আগামী কাল বৃহস্পতিবার আওয়ামী লীগের মনোনয়ন বোর্ডের সভায় প্রার্থী চুড়ান্ত হওয়ার কথা রয়েছে।

মেহেরপুরে আপত্তিকর ভিডিও ধারণ করে ব্ল্যাকমেইল ও ধর্ষণের অভিযোগে মামলা

মেয়ের আপত্তিকর ভিডিও ধারণ করে মেয়ের মাকে ব্ল্যাকমেইল ও ধর্ষণের অভিযোগ এনে নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল মেহেরপুরে পিটিশন মামলা দায়ের করেছেন মেহেরপুর সদর উপজেলার চাঁদবিল গ্রামের এক নারী।

গত সোমবার ২০ নভেম্বর নার্গিস খাতুন মেহেরপুরের নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনালে উপস্থিত হয়ে তার আইনজীবীর মাধ্যমে পিটিশন মামলার জন্য নালিশী দরখাস্ত দাখিল করেন। আদালত দরখাস্তটি আমলে নিয়ে পিবিআই’কে তদন্তের নির্দেশ দেন।

মামলার এজহার থেকে জান গেছে, চাঁদবিল গ্রামের মৃত জামশেদ আলীর ছেলে মোঃ মতু (৩৮) মামলার বাদীর ভাসুরের ছেলে এবং প্রতিবেশী। বাদীর স্বামীর অনুপস্থিতিতে মোঃ মতু প্রায়ই তাকে কুপ্রস্তাব দিত। পরবর্তীতে এক সময় সে বাদীর কন্যার গোসলের ভিডিও ধারণ করে বাদীর কন্যার স্বামীকে দেখিয়ে দেওয়ার কথা বলে। ভয় দেখিয়ে দীর্ঘদিন যাবত বাদীর সাথে অনৈতিক সম্পর্ক স্থাপনের জন্য

ব্ল্যাকমেইল করে আসছিলো। একপর্যায়ে আসামী মোঃ মতু বাদীকে ধর্ষন করে ভিডিও ধারন করে এবং ঐ ভিডিও ইন্টারনেটের মাধ্যমে ছড়িয়ে দেওয়ার ভয় দেখিয়ে ব্ল্যাকমেইল করতে থাকে। ঘটনাটি নিয়ে থানায় মামলা করতে গেলে থানা থেকে আদালতে মামলা করার পরামর্শ দেওয়া হয়। এজহারে বাদী আরো উল্লেখ করেছেন ঘটনাটি বাদীর স্বামীকে জানানোর পর তার স্বামী তাকে ছেড়ে চলে যায়।

বাদীর আইনজীবী এডভোকেট রোকেয়া খাতুন আদালতে মামলার বিষয়টি নিশ্চিত করে বলেন, ‘নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল মেহেরপুর আদালতের বিচারক মামলাটি গ্রহণ করে পিবিআইকে তদন্তের নির্দেশ দিয়েছেন। ‘

মেহেরপুরের টুঙ্গিতে মসজিদ না ভাঙতে মন্ত্রণালয়ে গ্রামবাসীর আবেদন

মসজিদ ভেঙ্গে পুনঃনির্মাণের বিরোধিতা করে স্থানীয় সরকার বিভাগের সচিবের কাছে আবেদন করেছে মেহেরপুর জেলার পিরোজপুর ইউনিয়নের টঙ্গী গ্রামের মধ্যপাড়া গ্রামের অধিবাসীরা।

আবেদনের অনুলিপি সূত্রে জানা গেছে, ১৯৫৬ সালে মধ্যপাড়া গ্রামের মসজিদটি নির্মাণ করা হয়। মসজিদটি নির্মাণের ক্ষেত্রে গ্রামের অনেকের অবদান রয়েছে। সম্প্রতি (২/৩ বছর আগে) মসজিদটির সংস্কার করে দ্বিতীয় তলা পর্যন্ত বর্ধিত করা হয়।

এখনো এই মসজিদের উন্নয়ন কাজ চলমান আছে যেমন, মসজিদের প্রাচীর নির্মাণ, সিঁড়ি ঘর নির্মাণ, গেট নির্মাণ ও ইমাম সাহেবের ঘর নির্মাণ ইত্যাদি। এসব কাজ শেষ করতে আরো সহযোগিতা প্রয়োজন। কিন্তু মসজিদের নির্মাণের বাকি অংশের কাজের উন্নয়নের সহযোগিতা না করে একটি মহল পুরো মসজিদটি ভেঙে পুনরায় নির্মাণের জন্য চেষ্টা করা হচ্ছে। যা রাষ্ট্রীয় অর্থ অপচয় ছাড়া আর কিছুই নয় বলে ভাবছে অভিযোগকারীর।

একটি মহল মুসলমানদের পবিত্র স্থান মসজিদের মত একটি স্পর্শকাতর বিষয় নিয়ে গ্রামের পরিবেশ নষ্ট করতে চায় বলেও আবেদনকারীরা সচিব বরাবর তাদের আবেদনে অভিযোগ করেছেন।

সরজমিনে পিরোজপুর মধ্যপাড়া মসজিদ সন্নিকটস্থ এলাকায় যে দেখা যায় পুরাতন মসজিদটি ভেঙে নতুন মসজিদ তৈরি নিয়ে পক্ষ ও বিপক্ষে ভিন্ন মতাবলম্বী লোক রয়েছে।

মসজিদ কমিটির সেক্রেটারি মারফুল হোসেন বলেন, ‘সকলে সিদ্ধান্ত নিলেও রাজনৈতিক ভিন্ন মতাদর্শের ২-৩ জন যারা বিএনপি ও জামাতের রাজনীতির সাথে সংশ্লিষ্ট তারা মসজিদ পুনঃনির্মাণের বিরোধিতা করছে।’

মসজিদ কোন নির্মাণে বিরুদ্ধে কারীদের একজন লিটন। তিনি বলেন,’ মাত্র দুই বছর আগে মসজিদটি দোতলা করা হয়েছে। আপনারা একটু দোতলায় গিয়ে দেখেন টাইলস লাগানো সহ কাজ করা হয়েছে। এখন মসজিদ ভেঙে পুনর্র্নিমাণ করতে গেলে আমরা সেটা কোনভাবে মেনে নেব না। ব্যাপারটি আমরা আমাদের ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আব্দুস সামাদ বাবলু বিশ্বাসকে জানিয়েছি।

মসজিদের ইমামকে এ ব্যাপারে জিজ্ঞাসা করলে তিনি বলেন, ‘মসজিদ পুনঃনির্মাণের ব্যাপারে গ্রামে যেহেতু দুইটি গ্রুপের বিভক্তি হয়েছে তাই আমি এ ব্যাপারে কোন মন্তব্য করব না।

জাদুখালী স্কুল এন্ড কলেজের প্রাক্তন শিক্ষক আশরাফুল হক বলেন, ‘আমি ৫৩ বছর ধরে মসজিদের সভাপতি ছিলাম। তাহাজ উদ্দিন নামে একজন কিছুদিন মসজিদটির সভাপতি ছিলেন সে সময় অনুমোদন এবং কোন প্রকৌশলীর পরামর্শ ছাড়াই মসজিদটি দোতলা করা হয়েছিল।

মেহেরপুর পৌর ইমাম পরিষদের কমিটি গঠন

মেহেরপুর পৌর ইমাম পরিষদের আলোচনা সভা শেষে পৌর ইমাম পরিষদের

কমিটি গঠন করা হয়েছে।

গতকাল (২১ নভেম্বর) সোমবার রাতে মেহেরপুর নুরানী মাদ্রাসা মিলনায়তনে আলোচনা সভা শেষে পৌর ইমাম পরিষদের কমিটি গঠন করা হয়।

মেহেরপুর জেলা ইমাম পরিষদের সভাপতি ইয়ারুল ইসলামের সভাপতিত্বে আলোচনা সভায় বক্তব্য রাখেন মুফতি মোহাম্মদ হাফিজুর রহমান।

হাজি রাবেয়া জামে মসজিদের ইমাম মুফতি সাদিকুর রহমানকে সভাপতি ও মুখার্জি পাড়া বাইতুল ফাতা জামে মসজিদের ইমাম হাসানুজ্জামানকে সাধারণ সম্পাদক করে ৩১ সদস্য বিশিষ্ট মেহেরপুর পৌর ইমাম পরিষদের কমিটি গঠন করা হয়।
কমিটির অন্য সদস্যরা হলেন সহ-সভাপতি গোরস্থান পাড়া মাদ্রাসা জামে মসজিদের ইমাম মুখলেসুর রহমান, মেহেরপুর জেলা মডেল মসজিদের ইমাম মুফতি সাদিকুর রহমান,সহ-সম্পাদক পিয়াদাপাড়া জামে মসজিদের ইমাম মুফতি নুরুল ইসলাম, থানা জামে মসজিদের ইমাম মুফতি আব্দুল আল মামুন, কোষাধক্ষ বাইতুল আতিক জামে মসজিদের ইমাম মোঃ খলিলুর রহমান, সাংগঠনিক সম্পদ আনসার ও ভিডিপি জামে মসজিদের ইমাম সাব্বির হোসেন, সহ-সাংগঠনিক সম্পাদক বাইতুন নূর জামে মসজিদের ইমাম তারিকুল ইসলাম, প্রচার সম্পাদক নতুন পাড়া জামে মসজিদের ইমাম আনিসুর রহমান, সহপ্রচার সম্পাদক কালাচাঁদপুর জামে মসজিদের ইমাম মোহাম্মদ আরিফ, দপ্তর সম্পাদক কাথুলী রোড জামে মসজিদের ইমাম মনজুরুল ইসলাম, সহ-দপ্তর সম্পাদক উপজেলা মডেল জামে মসজিদের ইমাম মুফতি মিনারুল ইসলাম, প্রকাশনী সম্পাদক নজরুল ইসলাম সড়ক জামে মসজিদের ইমাম মুফতি মাহবুব আলম, সহকারী প্রচার প্রকাশনী সম্পাদক গোরস্তান পাড়া জামে মসজিদের ইমাম মুফতি রাশেদুল ইসলাম, সমাজ কল্যাণ সম্পাদক ভৈরব জামে মসজিদের ইমাম বজলুর রশিদ, সহকারী সমাজ কল্যাণ সম্পাদক চাঁদপুর নতুন মসজিদের ইমাম মাসুদুর রহমান, যাতায়াত সম্পাদক হারুন জামে মসজিদের ইমাম হাফেজ শাহিন কবীর, সহকারী যাতায়াত সম্পাদক পশুর হাট জামে মসজিদের ইমাম মাহমুদ, প্রশিক্ষণ সম্পাদক মুফতি সামিউল, সরকারি সম্পাদক আব্দুল ওয়াহেদ, সাংস্কৃতিক সম্পাদক আবু বক্কর, সরকারি সাংস্কৃতিক সম্পাদক মাহাদি হাসান, মিডিয়া সম্পাদক শরিফুল ইসলাম, সহ-মিডিয়া সম্পাদক মাওলানা খালিদ হাসান, দাওয়াত বিষয়ক সম্পাদক মুফতি মাজহারুল ইসলাম, সহ-দাওয়াত বিষয়ক সম্পাদক মাওঃ ওয়ারেস,নির্বাহী সদস্য মাওলানা আসাদুল্লাহ, মাওলানা মামুন, হাফেজ আব্দুল আজিজ এবং হাফেজ ইমরান।

এছাড়াও ৯ সদস্য বিশিষ্ট উপদেষ্টা পরিষদ গঠন করা হয়েছে।

উপদেষ্টারে হলেন মাওলানা শফিকুল ইসলাম, ইয়ারুল ইসলাম, মুফতি হাফিজুর রহমান, মাওলানা শাহ আলম,মল্লিকপাড়া জামে মসজিদের ইমাম হাসানুজ্জামান, হাফেজ আহমাদুল্লাহ, মুফতি মাহবুবুর রহমান, হোসাইন আহমেদ এবং বন্দর জামে মসজিদের ইমাম হাসানুজ্জামান প্রমুখ।

মেহেরপুরে অস্ত্রসহ ভিডিপি সতেজকরণ প্রশিক্ষণের উদ্বোধন

মেহেরপুর আনসার ও ভিডিপির অস্ত্রসহ সতেজকরণ প্রশিক্ষণ ১ম ধাপের উদ্বোধন অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে।

আজ মঙ্গলবার (২১ নভেম্বর) দুপুর ১২ টায় জেলা আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর ৩ দিন মেয়াদি অস্ত্রসহ সতেজকরণ প্রশিক্ষণ উপলক্ষে প্রশিক্ষণ শ্রেণিকক্ষের ১ম ধাপের উদ্বোধন অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

জেলা কমান্ড্যান্ট প্রদীপ চন্দ্র দত্ত প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এর শুভ উদ্বোধন ঘোষণা করেন।

এ সময় কোর্সের সাথে সংশ্লিষ্ট কোর্স অ্যাডজুট্যান্ট মুজিবনগর উপজেলা আনসার কর্মকর্তা মিরাজুল ইসলাম, প্রশিক্ষণ কর্মকর্তা সিএ মোঃ আল মামুন, সদর উপজেলা প্রশিক্ষকা ফেরদৌসী বানু, সদর টিআই সাগর আহমেদসহ কোর্স সংশ্লিষ্ট বিভাগীয় প্রশিক্ষকগণ উপস্থিত ছিলেন।

জেলার তিনটি উপজেলা হতে মোট ৬৫ জন আনসার ও ভিডিপি সদস্য অংশ নেন।

মেহেরপুরে ৫৪টি মোবাইলসহ বিকাশ প্রতারণার টাকা উদ্ধার

মেহেরপুরে বিভিন্ন সময়ে হারানো ৫৪টি মোবাইল ফোন ও বিকাশ প্রতারণায় খোয়া যাওয়া ২২ হাজার টাকা উদ্ধার করে ভুক্তভোগীদের হাতে তুলে দিয়েছে পুলিশের সাইবার ক্রাইম ইনভেস্টিগেশন ইউনিট।

মঙ্গলবার দুপুর ১২টার দিকে মেহেরপুর পুলিশ সুপারের সম্মেলন কক্ষে সংবাদ সম্মেলন আয়োজনের মাধ্যমে মালিকদের কাছে মোবাইল ফোন ও টাকা হস্তান্তর করেন পুলিশ সুপার রাফিউল আলম।

এ সময় উদ্ধারকৃত সদর থানার ৩৫টি মোবাইল ও ২ টি বিকাশ প্রতারণার ১০ হাজার ৫০০ টাকা, গাংনী থানার ১৯টি মোবাইল এবং মুজিবনগর থানার বিকাশ প্রতারণার ৯ হাজার ৫০০ টাকা টাকা ভুক্তভোগীদের হাতে তুলে দেয়া হয়।

পুলিশ সুপার রাফিউল আলম বলেন, ‘ উদ্ধারকৃত মোবাইল ও টাকা প্রকৃত মালিকদের কাছে হস্তান্তর করা হয়েছে। মোবাইল উদ্ধারের জন্য থানাতে শুধু একটি জিডি করতে হয়েছে। মোবাইল উদ্ধার করে পুলিশের পক্ষ থেকে ফোন করে মালিকদের ডেকে এনে মোবাইল হস্তান্তর করা হচ্ছে। এছাড়াও এই কাজে মোবাইল গ্রাহকদের টাকাও খরচ হয়নি।’

সংবাদ সম্মেলনে, অতিরিক্ত পুলিশ সুপার কামরুল ইসলাম, সাইবার ক্রাইম ইনভেস্টেগেশন ইউনিটের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও জেলা গোয়েন্দা পুলিশের (ডিবি) ওসি সাইফুল আলম সহ জেলা পুলিশের ঊর্ধ্বতন কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।